

নং-শা-৫/ককশা/৯০/সংস্থাপন

তারিখ : ০৮.১১.২০২১

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ হতে বিগত ২৬.১২.২০১৯ তারিখের ০৭.০০.০০০০.২০৬.৯৯.০০৭.১৯-৫৩২ সংখ্যক স্মারকমূলে জারীকৃত "পাবলিক বিশ্ববিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের শিক্ষক/কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ নীতিমালা-২০১৯" শীর্ষক পরিপত্র অনুযায়ী এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে ঋণ প্রদানের লক্ষ্যে ঋণ প্রদান কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়নের উদ্দেশ্যে সোনালী ব্যাংক লিমিটেড, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের মধ্যে বিগত ২৫.০২.২০২১ তারিখে একটি ত্রিপক্ষীয় সমঝোতা স্মারক সম্পাদিত হয়েছে। অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক বিগত ২৬.১২.২০১৯ তারিখের জারীকৃত পরিপত্র এবং বিগত ২৫.০২.২০২১ তারিখে সম্পাদিত ত্রিপক্ষীয় সমঝোতা স্মারক বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে পাওয়া যাবে। সম্পাদিত সমঝোতা স্মারক অনুসারে সোনালী ব্যাংক লিমিটেড যথাশীঘ্র গৃহ নির্মাণ ঋণ প্রদান কার্যক্রম শুরু করবে। সোনালী ব্যাংক লিমিটেড, বিনা শাখা, ময়মনসিংহ এর মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ প্রদান কার্যক্রম পরিচালিত এবং বাস্তবায়িত হবে।

ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ গ্রহণে আগ্রহী এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীকে প্রাথমিকভাবে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে আবেদন করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে (অপর পৃষ্ঠায় মুদ্রিত নমুনা অনুযায়ী ২ প্রস্থ)।

উল্লেখ্য যে, ঋণ আবেদন ফরম পূরণ এবং তদসংশ্লিষ্ট বিষয়ে সোনালী ব্যাংক লিমিটেড, বিনা শাখা, ময়মনসিংহ সার্বিক সহযোগিতা প্রদান করবে। প্রয়োজনবোধে এ বিষয়ে সংস্থাপন শাখা-৫(কল্যাণ) এর সহযোগিতা নেয়া যাবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের আদেশক্রমে


স্বাঃ/-রেজিস্ট্রার

মেমো নং-শা-৫/ককশা/৯০(১৩০)/সংস্থাপন

তারিখ : ০৮.১১.২০২১

সংশ্লিষ্ট সকলের মাঝে প্রচারের অনুরোধসহ অনুলিপি প্রেরিত হলো :-

০১. সকল অনুষদীয় ডিন/কো-অর্ডিনেটর, উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি/ছাত্র বিষয়ক উপদেষ্টা।
০২. রেজিস্ট্রার/ট্রেজারার/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন।
০৩. পরিচালক, জিটিআই/বাউরেস/বাউএক/প্রফেসর মুহাম্মদ হোসেন কেন্দ্রীয় ল্যাবরেটরি/প্রফেসর গোলাম আলী ফকির সীড প্যাথলজি সেন্টার/ইস্টিটিউট অন্ড এগ্রিবিজনেস অ্যান্ড ডেভেলপমেন্ট স্টাডিজ/কৃষি মিউজিয়াম/পরিবহন/আইসিটি সেল/পিজিডি-ইন-আইসিটি প্রকল্প/ইন্টারডিসিপিনারি ইস্টিটিউট ফর ফুড সিকিউরিটি/ইস্টিটিউটশ্যানাল কোয়ালিটি অ্যাসিওরেন্স সেল/নিরাপত্তা কাউন্সিল/মাৎস্য বিজ্ঞান মাঠ গবেষণা কমপেক্স/হাওর ও চর উন্নয়ন ইস্টিটিউট/ফিস মিউজিয়াম এন্ড জার্মপাজম সেন্টার/ইন্টারন্যাশানাল ডেক্স/ফ্যাব ল্যাব।
০৪. সকল বিভাগীয় প্রধান।
০৫. পরিচালক, ভেটেরিনারি টিচিং হাসপাতাল।
০৬. সকল হলের প্রভোস্ট এবং সুপার, পরমাণু বিজ্ঞানী ড. এম.এ ওয়াজেদ মিয়া পি-এইচ.ডি ডরমেটরি।
০৭. প্রোস্ট্রর।
০৮. গ্রন্থাগারিক।
০৯. চীফ মেডিক্যাল অফিসার।
১০. প্রধান খামার তত্ত্বাবধায়ক।
১১. প্রধান প্রকৌশলী।
১২. পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা/ক্রীড়া প্রশিক্ষণ।
১৩. প্রধান যন্ত্র প্রকৌশলী।
১৪. সকল এডিশনাল রেজিস্ট্রার(সংস্থাপন)।
১৫. এডিশনাল রেজিস্ট্রার(শিক্ষা)।
১৬. চীফ সিকিউরিটি অফিসার।
১৭. নিবাহী মেডিক্যাল অফিসার, স্বাস্থ্য প্রতিবেদক শাখা।
১৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাকুবি অতিথি ভবন ও কমিউনিটি সেন্টার।
১৯. পরিষদ বিভাগ।
২০. ডেপুটি রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর সচিবালয়। মাননীয় ভাইস-চ্যান্সেলর-এর সদয় জ্ঞাতার্থে।
২১. গার্ড ফাইল, সংস্থাপন শাখা-১।


রেজিস্ট্রার

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ

রেজিস্ট্রার মহোদয়
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ

মাধ্যমঃ যথাযথ কর্তৃপক্ষ

বিষয় : ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে সোনালী ব্যাংক লিমিটেড হতে গৃহ নির্মাণ ঋণ মঞ্জুর প্রসঙ্গ।

মহোদয়,

আমি নিম্নস্বাক্ষরকারী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বিগত ২৬.১২.২০১৯ তারিখের ০৭.০০.০০০০.২০৬.৯৯.০০৭.১৯-৫৩২ সংখ্যক স্মারকমূলে জারীকৃত "পাবলিক বিশ্ববিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের শিক্ষক/কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ নীতিমালা-২০১৯" শীর্ষক পরিপত্র এবং সোনালী ব্যাংক লিমিটেড, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের মধ্যে বিগত ২৫.০২.২০২১ তারিখে সম্পাদিত ত্রিপক্ষীয় সমঝোতা স্মারকের বিষয়বস্তু বিস্তারিত অবগত হয়ে সোনালী ব্যাংক লিমিটেড হতে ঋণ গ্রহণ করতে আগ্রহী। এ উদ্দেশ্যে নিম্নে তথ্যাদি পেশ করলাম :

০১. পূর্ণ নাম	:
০২. পদবী	:
০৩. বিভাগ/শাখা/অফিস	:
০৪. জন্ম তারিখ	:
০৫. বিশ্ববিদ্যালয়ের চাকুরীতে যোগদানের তারিখ	:
০৬. বর্তমান বেতন গ্রেড এবং স্কেল	:
০৭. প্রার্থিত ঋণের পরিমাণ	:

এমতাবস্থায়, উপরে বর্ণিত তথ্যাদি বিবেচনায় নিয়ে সোনালী ব্যাংক লিমিটেড হতে আমার অনুকূলে গৃহ নির্মাণ ঋণ মঞ্জুরের লক্ষ্যে পরবর্তী কার্য-ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ জানাচ্ছি।

মন্তব্যসহ বিভাগ/শাখা/অফিস
প্রধানের প্রতিস্বাক্ষর ও শীলমোহর

স্বাক্ষর :
পূর্ণ নাম :

সংস্থাপন শাখা-৫(কল্যাণ) কর্তৃক ব্যবহার্য

পরবর্তী প্রয়োজনীয় কার্য ব্যবস্থা গ্রহণের জন্য আবেদনখানা ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, বিনা শাখা, ময়মনসিংহ এর বরাবরে অগ্রগামী করা হলো।

৯



রেজিস্ট্রার